# মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ১১৯ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৪৪]

৪. কিতাবুল অযু (كتاب الوضوء)

পরিচ্ছেদঃ পেশাব-পায়খানা করার সময় কিবলামুখী হওয়া যাবেনা

باب لاَ تُسْتَقْبَلُ الْقِبْلَةُ بِغَائِطٍ أَوْ بَوْلٍ إِلاَّ عِنْدَ الْبِنَاءِ جِدَارٍ أَوْ نَحْوِهِ

আরবী

□□□ـ عَنْ أَبِي أَيُّوبَ الانْصَارِيِّ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ إِذَا أَتَى أَحَدُكُمُ الْغَائِطَ فَلا يَسْتَقْبِلِ الْقِبْلَةَ وَلا يُوَلِّهَا ظَهْرَهُ، شَرِّقُوا أَوْ غَرِّبُوا. (بخارى:□□□

বাংলা

১১৯) আবু আইয়ুব আনসারী (রাঃ) হতে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেনঃ তোমাদের কেউ যখন পায়খানা করতে যাবে, তখন সে যেন কিবলামুখী হয়ে এবং কিবলার দিকে পিঠ দিয়ে না বসে। তোমরা পূর্ব দিকে কিংবা পশ্চিম দিকে ফিরে বসবে।

টিকাঃ তোমরা পূর্ব দিকে কিংবা পশ্চিম দিকে ফিরে বসবে। কথাটি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মদীনাবাসীদেরকে লক্ষ্য করে বলেছেন। কারণ মদীনা থেকে কিবলা দক্ষিণ দিকে। তাই মদীনাবাসীগণ যদি পূর্ব বা পশ্চিম দিকে ফিরে পায়খানা করে তাহলে কিবলা সামনে বা পিছনে হবেনা। কিন্তু দক্ষিণ পূর্ব এশিয়ার অধিবাসীদের কিবলা যেহেতু পশ্চিম দিকে তাই তারা যদি উত্তর বা দক্ষিণ দিকে ফিরে বসে, তবে কিবলা সামনে বা পিছনে হবেনা।

উপরোক্ত বিধান ফাঁকা মাঠে পেশাব-পায়খানার সময় প্রযোজ্য। তবে চার দেয়ালে ঘেরা জায়গার মধ্যে হলে তাতে কোন অসুবিধা নেই। যা অপর হাদীছ দ্বারা প্রমাণিত। তবে التقوى فوق الفتوى অর্থাৎ তাকওয়া ফতোয়ার উপরে- এই নীতি অনুযায়ী উক্ত অবস্থায়ও কিবলাকে সামনে বা পিছনে না রাখা যে উত্তম কাজ- এতে কোন সন্দেহ নেই। এ কথার প্রমাণ ঐ হাদীছে রয়েছে, যেখানে বিধর্মীর এলাকায় কিবলার দিকে মুখ করে প্রস্তুত বাথরুমে একটু হেলে গিয়ে বসার নির্দেশ দেয়া হয়েছে। এখানে তাদের কথাটি স্মরণ করিয়ে দেয়া ভাল মনে করছি। সুতরাং কিবলার দিকে, কুরআনের দিকে এবং যে কোন সম্মানী ব্যক্তি ও বস্তুর দিকে পা প্রসারিত না করা ও একাকী হলেও লজ্জার অংশ না খোলা যে উত্তম- এ কথা বলার অপেক্ষা রাখেনা।

## English

While urinating or defecating, never face the Qiblah except when you are screened by a building or

a wall or something like that

Narrated Abu Aiyub Al-Ansari:

Allah's Messenger (ﷺ) said, "If anyone of you goes to an open space for answering the call of nature he should neither face nor turn his back towards the Qibla; he should either face the east or the west."

## ফুটনোট

ইসলামিক ফাউন্ডেশনঃ ১৪৬
ইসলামিক সেন্টারঃ ১৪২

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী  বর্ণনাকারীঃ আবূ আইয়ুব আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88815

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন